



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১২/০২/২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় যুব সম্মেলন অনুষ্ঠিত

‘নিরাপদ বিশ্ব সবুজ অরণ্য নিশ্চিত করবে দূর্জয় তারুণ্য’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয় বরিশাল, পরিবেশ অধিদপ্তর বরিশাল এবং ইউনিসেফ বরিশাল অঞ্চলের আয়োজনে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা শীর্ষক যুব সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১২ ফেব্রুয়ারি সকাল ৯.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে এ সম্মেলনের আয়োজন করা হয়। যুব সম্মেলনে সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মুক্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এতে প্রবন্ধ উপস্থাপন করেন ববির মুক্তিকা ও পরিবেশবিজ্ঞান বিভাগের প্রভাষক সৈয়দা সাবরিনা আলী, পানি উন্নয়ন বোর্ড বরিশাল জোনের প্রধান প্রকৌশলী মো. সাজেদুর রহমান, পবিপ্রবি এর প্রভাষক মো. আফজাল হোসেন ও মো. ফয়সাল, ইউনিসেফের পক্ষে মো. গোলাম রব্বানী এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরিশালের উপ-পরিচালক তুষার কান্তি সমাদ্দার। প্রবন্ধ উপস্থাপনকারীগণ বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাবে বাংলাদেশে বন্যা, জলোচ্ছাস ও ভূমিকম্পের মতো নানা প্রাকৃতিক দুর্যোগ আঘাত হানছে, এর ফলে বৈশ্বিক উষ্ণায়ন ও সাগরপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিসহ জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের মানুষের জীবন ও জীবিকা ঝুঁকির মুখে পড়েছে। এর ফলে বয়স্কদের চাইতে শিশুরা বেশি ঝুঁকিতে রয়েছে। আর তাই জলবায়ু পরিবর্তনের এ প্রভাব মোকাবেলায় যুব সমপ্রদায়কেই এগিয়ে আসতে হবে। কেননা তারাই আগামীর বাংলাদেশকে নেতৃত্ব দেবে। সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, সৃষ্টির সূচনা লগ্ন থেকে জলবায়ু পরিবর্তনের এ ধারা পরিলক্ষিত হয়ে আসছে, এটা নতুন কোন বিষয় নয়। মনুষ্য সৃষ্ট ক্রিয়া কর্মই এ জলবায়ু পরিবর্তনের অন্যতম কারন। এর বাহিরে নগরায়ন, শিল্পায়ন, নির্বিচারে ফসলি জমি নষ্ট করে ইটভাটা তৈরি এবং এর জ্বালানীর জন্য বনাঞ্চল উজাড়, আবহাওয়ার ক্রমবর্ধমান পরিবর্তনশীল আচরণ জলবায়ু পরিবর্তনের একাধিক কারন গুলোর মধ্যে অন্যতম। তাই এ বিষয়ে আমাদের নিজেদেরকেই সচেতন হতে হবে, আমাদের পরিবেশ আমাদেরকেই রক্ষা করতে হবে। আর এ জন্য যুব সমপ্রদায়কেই এগিয়ে আসতে হবে। কেননা এ যুব সমপ্রদায়ই হচ্ছে আমাদের চালিকা শক্তি। উপাচার্য মহোদয় যুব সম্মেলনে উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ইতোমধ্যেই বরিশাল বিশ্ববিদ্যালয়কে ‘ধুমপান মুক্ত সবুজ বিশ্ববিদ্যালয়’ হিসেবে ঘোষণা করা হয়েছে। এ ধারাকে অব্যাহত রাখতে তিনি শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। সম্মেলনে আরও উপস্থিত ছিলেন পবিপ্রবির ডিন প্রফেসর ড. আ ক ম মোস্তফা জামান, ববির জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, ইউনিসেফের বরিশালের আঞ্চলিক প্রধান এ এইচ তৌফিক আহম্মদসহ বিভাগীয় শিক্ষকবৃন্দ, ববি এবং পবিপ্রবির অংশগ্রহনকারীরা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সাল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)